





### **Embassy of Bangladesh**

### প্ৰেস বিজ্ঞপ্তি

## কাঠমান্ডুতে স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

২৮ মার্চ ২০২২, কাঠমান্ডু: কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাস স্বাধীনতার ৫১তম বার্ষিকী ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় এবং উৎসবমুখর পরিবেশে উদযাপন করেছে ।

২৭ মার্চ ২০২২ তারিখে দূতাবাস একটি কূটনৈতিক সংবর্ধনার আয়োজন করে। নেপালের উপ-রাষ্ট্রপতি জনাব নন্দ বাহাদুর পুন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সংবর্ধনা অনুষ্ঠানে প্রখ্যাত রাজনীতিবিদগণ, কূটনৈতিক কোরের সদস্যবৃন্দ, সামরিক ও বেসামরিক উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, শিক্ষাবিদ, সুশীল সমাজের সদস্যবৃন্দ, গণমাধ্যমকর্মী এবং বাংলাদেশ কমিউনিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

নেপাল ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত অনুষ্ঠিত হওয়ার পর উপ-রাষ্ট্রপতি কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন এবং নেপাল ও বাংলাদেশের জনগণের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি এবং তাদের চিরস্থায়ী বন্ধুত্বের বন্ধন কামনা করেন।

রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী তাঁর বক্তব্যে স্বাধীন বাংলাদেশের জন্মের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বীর মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের জন্য গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বাংলাদেশ ও নেপালের মধ্যে বন্ধুত্বের ঐতিহাসিক বন্ধন এবং উষ্ণু দ্বিপাক্ষিক সম্পর্কের কথা তুলে ধরেন। তিনি সাম্প্রতিক ও আসন্ন দ্বিপক্ষীয় বিভিন্ন উদ্যোগের বিষয়ে আলোকপাত করেন।

ইতোপূর্বে ২৬ মার্চ সকালে দূতাবাস প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলিত হয় এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যদবৃন্দ এবং গৌরবময় মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী বীর শহিদদের রুহের মাগফেরাত এবং দেশের শান্তি, মঙ্গল ও উন্নয়নের জন্য বিশেষ প্রার্থনা করা হয় ।



Basundhara-3, Chakrapath, Kathmandu, Nepal Telephone:+977-1-4970130/4970131, Fax: +977-1-4970132, Email: mission.kathmandu@mofa.gov.bd







**Embassy of Bangladesh** 

### Press Release

# Embassy of Bangladesh in Kathmandu celebrates the 51<sup>st</sup> Anniversary of Independence and National Day

Kathmandu, 28 March 2022: The Embassy of Bangladesh in Kathmandu celebrated the 51st Anniversary of Independence and National Day with due festivity.

On 27 March, the Embassy organized a diplomatic reception which was attended by a large number of guests.

Vice President of Nepal Mr. Nanda Bahadur Pun graced the event as chief guest. It was attended by a large number of renowned politicians, members of diplomatic corps, high civil and military officials, heads of think tanks, former Nepalese ambassadors, academicians, journalists and members of Bangladesh community living in Nepal.

After the playing of national anthems of Nepal and Bangladesh, the Vice President cut the cake to inaugurate the event and wished the people of both the countries continued peace, progress and prosperity and their everlasting bonds of friendship.

In his remarks, Ambassador Salahuddin Noman Chowdhury paid deep tribute to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and the valiant freedom fighters for their supreme sacrifice for the birth of the independent Bangladesh.

Highlighting the historic bonds of friendship and warm bilateral relations between Bangladesh and Nepal, he informed the audience of some of the recent initiatives to strengthen the relations.

Earlier, on 26 March 2022, national flag was hoisted at the Embassy in presence of the community members and special prayers were offered for continued peace and progress of the country and salvation of souls of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, his martyred family members, national leaders and martyrs of the glorious war of liberation.



Basundhara-3, Chakrapath, Kathmandu, Nepal Telephone:+977-1-4970130/4970131, Fax: +977-1-4970132, Email: mission.kathmandu@mofa.gov.bd